# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

২৩ ভাদ্র, ১৪২২

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-১৮ তারিখ ঃ---------------------

০৭ সেপ্টেম্বর, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে আমদানি অনুমতিপত্র (IP) গ্রহণ ব্যতিরেকে**
**উদ্ভিদ ও উদ্ভিদজাত পন্য আমদানির জন্য LC খোলা বন্ধ করা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নম্বর- ৮৮৬(৮০), তারিখ ২৭/০৮/২০১৫এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

Destructive Insects & Pests Rules-1966 (Plant Quarantine) amended upto July-1989 (DIP Rules) এর ৫(১) ধারা এবং উদ্ভিদ সংগনিরোধ আইন,২০১১ এর তৃতীয় অধ্যায় ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী বিদেশ থেকে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানির ক্ষেত্রে LC খোলার আগে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে আমদানি অনুমতিপত্র (আই.পি) গ্রহণের বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২৭/০৮/২০১৫ তারিখের স্মারকের নির্দেশনা যথাযথভাবে পরিপালন ব্যতীত ঋণপত্র না খোলার জন্য আপনাদের অনুমোদিত ডিলার শাখাকে নির্দেশ প্রদানের পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংগনিরোধ উইং
খামারবাড়ি, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং- ৮৮৬(৮০) তারিখঃ ২৯/৮/২৫

বিষয় ঃ আমদানি অনুমতিপত্র (IP) ছাড়া LC খোলা বন্ধ করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, Destructive Insects & Pests Rules-1966 (Plant Quarantine) amended upto July-1989 (DIP Rules) এর ৫(১) ধারা এবং উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ এর তৃতীয় অধ্যায় ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী বিদেশ থেকে উদ্ভিদ ও উদ্ভিদজাত পন্য (উদ্ভিদজাত দ্রব্যাদি, প্রজাতি বা বীজসহ উদ্ভিদের জীবন্ত বা মৃত অংশ, উদ্ভিদ উৎসের বংশ উৎপাদনকারী, জার্মপ্লাজম, উদ্ভিদ উৎসের প্রক্রিয়াকৃত বা অপ্রক্রিয়াকৃত দ্রব্যাদ যাহা তাহাদের বৈশিষ্টের কারণে অথবা প্রক্রিয়াকরণের কারণে বালাই বহন, সংক্রমন এবং বিস্তার করিতে সক্ষম) আমদানির ক্ষেত্রে LC খোলার আগে আমদানি অনুমতিপত্র (Import Permit) নেয়া বাধ্যতামূলক। উক্ত আইনে বাংলাদেশ সরকারের পক্ষে কৃষি মন্ত্রণালয়ের অধিন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইং উদ্ভিদ ও উদ্ভিদজাত পন্য আমদানিতে আমদানি অনুমতিপত্র (আই.পি) ইস্যু করতে ক্ষমতা প্রাপ্ত।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন আমদানিকারক আমদানি অনুমতিপত্র ছাড়াই LC খুলে বিদেশ থেকে উদ্ভিদ বা উদ্ভিদজাত পণ্য আমদানির কার্যক্রম পরিচালনা করছেন। ফলে একদিকে যেমন আমদানিকৃত পণ্যের সঠিক গুনগতমান বজায় রাখা কঠিন হচ্ছে অপরদিকে সরকারী আইন অনুযায়ী নিরাপদ ও ঝুঁকিমুক্ত কৃষিজাত পণ্য আমদানি কার্যক্রম পরিচালনা ব্যাহত হচ্ছে ফলে আমদানিকৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত পন্য ছাড়করণের সময় সংশ্লিষ্ট বন্দরে জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, সকল বাণিজ্যিক ব্যাংক সমূহ কে আমদানি-অনুমতিপত্র (IP) ছাড়া কোন উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানির ক্ষেত্রে LC না খোলার ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য মহোদয়কে সদয় অনুরোধ জানানো হল।

সংযুক্তিঃ সংশ্লিষ্ট আইনের ধারা সমূহ- ০২ (দুই) কপি।

২৯/৮/২০১২

(ছবি হরিদাস)
পরিচালক
ফোনঃ ৯১৩১২৯৬
dpqw@dae.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ----------------------------------------------------ব্যাংক,
----------------------------------------------------------------------------ঢাকা।
৭। কমিশনার, কাস্টমস হাউস, ------------------------------------------------------------।
৮। উপ-পরিচালক/অতিরিক্ত উপ-পরিচালক/সংগনিরোধ কীটতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র,------------------
---------------------------------------------------------------------------------------------।

## 5. APPLICATION FOR PERMIT TO IMPORT PLANT OR [1]["PLANT PRODUCTS"]

[2] [(1) For the purpose of import of any plant or plant products the importer shall, prior to entering into any contract with supplier and opening of letter of Credit submit an application in 'Form' to the Director or Deputy Director (Quarantine) for an import permit"]

(2) All such applications shall be signed by the person who intends to import the plant or1 ["plant products] or his duly authorized agent and shall specify:

(a) the kind and quantity of plant or [1]["plant products"]

(b) the country and locality of origin

(c) destination

(d) the name and address of the consigner and the consignee;

(e) means of transport;

(f) the prescribed port or point of entry;

(g) purpose for which the plant or [1][ "plant products"] is proposed to be imported e.g. consumption, propagation or processing.

## 6. NOTICE OF ARRIVAL BY THE IMPORTER

The importer shall inform the Director or the Plant Quarantine Officer of the probable date of arrival of the plant or [1]["plant products"] at the prescribed port or point of entry and shall on arrival of the plant or [1]["plant products"] notify to the Director the number of the permit, name of ship or vessel, date of arrival, country of origin and locality where grown, and the character and quantity of the plant or [1]["plant products"]

---

[1] Subs. for the word "plant material" by notification এস আর ও ২৭৪- আইন/৮৯, তাং ৩০শে জুলাই,১৯৮৯ ইং।

[2] Subs. for sub-rule (1)

নিষেধ আরোপ করিবার যেই ক্ষমতা রহিয়াছে, সেই একই ক্ষমতা প্রয়োগ করা যাইবে এবং উক্ত আইন এর বিধানাবলী একইরূপে এই আইনের ক্ষেত্রেও বলবৎ থাকিবে।

৭। **সংগনিরোধের জন্য উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি নিয়ন্ত্রণ**।- উদ্ভিদ সংগনিরোধের জন্য আটক বা বাজেয়াপ্ত সকল উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিয়ন্ত্রণে থাকিবে, এবং তিনি, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, উক্ত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির সংগনিরোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৮। **উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা নিয়োগ**।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংরক্ষণ উইং-এর প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাকে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা হিসাবে নিয়োগ করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়
## আমদানি ও রপ্তানি

৯। **আমদানি নিষেধাজ্ঞা**।- (১) আমদানি অনুমতিপত্র ব্যতিরেকে কোন আমদানিকারক বাংলাদেশের অভ্যন্তরে কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু, মাটি অথবা প্যাকিং দ্রব্যাদি আমদানি করিতে পারিবে না।

(২) কর্তৃপক্ষ, সময় সময়, সরকারের পূর্বানুমতিক্রমে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানির পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সময় সময়, কোন নির্দিষ্ট উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদিকে আমদানির শর্তাবলী হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

১০। **অনুমতিপত্র ও প্রত্যয়নপত্র**।- (১) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আমদানি অনুমতিপত্র ও প্রত্যয়নপত্র ব্যতিত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু অথবা প্যাকিং দ্রব্যাদি আমদানি করা যাইবে না।

(২) যে কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু অথবা প্যাকিং দ্রব্যাদি শুধুমাত্র নির্দিষ্ট প্রবেশ পথে বাংলাদেশে আমদানি করা যাইবে এবং আমদানি ঘোষণা প্রদান করিয়া কনসাইনমেন্টটির অনুকূলে প্রদত্ত আমদানি অনুমতিপত্র এবং রপ্তানিকারক দেশের জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত উদ্ভিদ স্বাস্থ্য সনদপত্রসহ উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার পরীক্ষার জন্য দাখিল করিতে হইবে।

(৩) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি আমদানি করা হইলে উহাতে কিরূপ শোধন প্রক্রিয়া প্রয়োগ করিতে হইবে বা আমদানির পূর্বে বা পরে উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিতকরণার্থে প্রবেশোত্তর সংগনিরোধসহ যে সকল ব্যবস্থাদি গ্রহণ করিতে হইবে, তাহা আমদানি অনুমতিপত্রে বর্ণিত থাকিবে।

১১। **আমদানি অনুমতিপত্র ও প্রত্যয়নপত্র সংশোধন, বাতিল ইত্যাদি**।- কর্তৃপক্ষ যুক্তিসংগত কারণে-

(ক) ইস্যুকৃত আমদানী অনুমতিপত্র ও প্রত্যয়নপত্র বাতিল করিতে পারিবে; এবং

যে কোন সময়ে উহা পরিবর্তন বা সংশোধন করিতে পারিবে।

১২। **উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট ঘোষণা প্রদান**।- (১) কোন ব্যক্তি তাহার সম্মতিক্রমে বা অসম্মতিতে, কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু অথবা প্যাকিং দ্রব্যাদি বাংলাদেশের বাহির হইতে প্রাপ্ত হইলে, তিনি উহা নিকটস্থ উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট ঘোষণা প্রদান করিবেন।

(২) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা উলি□খিত দ্রব্যাদি পরীক্ষান্তে উহা ছাড়করণ বা ধ্বংসকরণ বা